গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
গাইবান্ধা।
(নেজারত শাখা)
www.gaibandha.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৩২০০.০২১.১১.০০১.২১-১০৩১ (১০০)

তারিখ: ১৪ই পৌষ ১৪২৮
২৯ ডিসেম্বর ২০২১

## নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২ ডিসেম্বর ২০২১ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০১৮.১৬- ৩২৫ সংখ্যক স্মারকে প্রাপ্ত ছাড়পত্র মোতাবেক জেলা প্রশাসকের কার্যালয় গাইবান্ধা ও এর অধীনস্থ অফিসসমূহের নিম্নোক্ত পদে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য কেবলমাত্র গাইবান্ধা জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র/নং | পদের নাম | গ্রেড ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | অফিস সহায়ক | গ্রেড-২০<br>৮,২৫০- ২০,০১০/- | ১৫ (পনের) টি | কোন স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমান পরীক্ষায় উত্তীর্ণ |
| ০২ | নিরাপত্তা প্রহরী | গ্রেড-২০<br>৮,২৫০- ২০,০১০/- | ১২ (বার) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। |
| ০৩ | পরিচ্ছন্নতাকর্মী | গ্রেড-২০<br>৮,২৫০- ২০,০১০/- | ০৩ (তিন) টি | জুনিয়র স্কুল সার্টিফিকেট/সমমান পরীক্ষায় উত্তীর্ণ |

### আবেদনের শর্তাবলি :

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও গাইবান্ধা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
০২। একজন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না।
০৩। নির্ধারিত আবেদন ফরমটি গাইবান্ধা জেলার ওয়েবসাইটে অর্থাৎ (**www.gaibandha.gov.bd**) লিংকে এবং জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা ও গাইবান্ধা জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।
০৪। নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।
০৫। নির্ধারিত আবেদন ফরমটি কম্পিউটার কম্পোজ বা স্বহস্তে পূরণ করে আবেদন ফরমের নির্ধারিত স্থানে তারিখসহ প্রার্থীকে স্বাক্ষর প্রদান করতে হবে।
০৬। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।
০৭। আবেদপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে :
(ক) আবেদনপত্রের নির্ধারিত স্থানে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি ৫ × ৫ সে: মি: আকারের ছবি ;
(খ) প্রার্থীকে ১-০৭৪২-০০০০-২০৩১ নম্বর কোডে ট্রেজারি চালানের মাধ্যমে ৫০/-(পঞ্চাশ) টাকা জমা দিয়ে চালানের মূল কপি।
(গ) প্রবেশপত্র ইস্যুর স্বার্থে দরখাস্তের সাথে নিজের নাম ও ঠিকানা লিখিত ১০/-(দশ) টাকার ডাকটিকিট লাগানো একটি ১০.৫''×৪.৫'' সাইজের ফেরত খাম।
(ঘ) শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান হিসেবে আবেদন করতে ইচ্ছুক প্রার্থীকে উপরের ৩ নং ক্রমিকে বর্ণিত নির্ধারিত আবেদন ফরমে তথ্যাদি উল্লেখ করার পাশাপাশি নিম্নোক্ত ছকে আলাদা কাগজে সংশ্লিষ্ট তথ্য সংযুক্ত করতে হবে। এ ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সনদপত্রের সত্যায়িত অনুলিপি অবশ্যই আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

| প্রার্থীর নাম | মুক্তিযোদ্ধার নাম | মুক্তিযোদ্ধার পিতার নাম | মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা | মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র, জন্ম তারিখ, জন্ম সনদ | মুক্তিযোদ্ধা সনদ নম্বর, মুক্তিবার্তার নম্বর ও তারিখ | গেজেট নম্বর ও তারিখ | মন্ত্রণালয়ের সনদ নম্বর, তারিখ ও স্মারক নম্বর | বামুস সনদ নম্বর ও তারিখ | মুক্তিযোদ্ধার নাতি নাতনি দাবী করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র | মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র, পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা-মাতার নাগরিকত্ব সনদযুক্ত প্রমাণক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |

০৮। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজ পত্রাদির মূল কপি উপস্থাপন করতে হবে:
(ক) পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
(খ) শিক্ষাগত যোগ্যতার প্রমান স্বরূপ সকল মূল/ সাময়কি সনদপত্র।
(গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(ঘ) জাতীয় পরিচয় পত্র অথবা পৌরসভার মেয়র/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জন্মনিবন্ধন সনদপত্র।
(ঙ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনী হিসেবে চাকরি প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্র অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্র এবং গেজেট মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে। এরূপ সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদ হিসেবে গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য যে, আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার নাতি/নাতনী হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার নাতি/নাতনী এই মর্মে সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক সনদপত্র/প্রত্যয়ন পত্র দেখাতে হবে।
(চ) শারীরিক প্রতিবন্ধী ও এতিমদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক কর্তৃক প্রদত্ত সনদপত্র।
(ছ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র।
(জ) আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।

০৯। প্রার্থীর বয়সসীমা ৩১/১২/২০২১ তারিখে ১৮-৩০ এর মধ্যে হতে হবে। (বীরমুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সীমা ৩২ বছর এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার নাতি- নাতনীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩০ বছর এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য)। তবে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ০২/০৯/২০২১ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১. ০১৭.২০-১৫৪ নং স্মারক মোতাবেক ২৫/০৩/২০২০ খ্রি. তারিখে যাদের বয়স ৩০ বছর পূর্ণ হয়েছে তারাও আবেদন করতে পারবে। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

১০। দরখাস্ত জেলা প্রশাসক ও সভাপতি, জেলা নির্বাচনী কমিটি, গাইবান্ধাকে সম্বোধন করে লিখতে হবে।

১১। আগামী ০৫/০২/২০২২ খ্রি. তারিখ অফিস চলাকালীন পর্যন্ত আবেদনপত্র ডাকযোগে এ অফিসে পৌঁছাতে হবে। সরাসরি এ অফিসে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

১২। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত ও বিলম্বে প্রাপ্ত দরখাস্তসমূহ বাতিল বলে গণ্য হবে।

১৩। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারীকে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা হতে হবে এবং উক্ত কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবিসহ সীল থাকতে হবে।

১৪। চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র পৌঁছাতে হবে। আবেদনপত্রের অগ্রিম কপি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

১৫। সকল কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

১৬। আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৭। খামের উপরে মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) ও বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা উল্লেখ করতে হবে।

১৮। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টি,এ/ডি,এ দেয়া হবে না।

১৯। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২০। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষ দায়ী হবেন না। এক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২১। এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ পূরণে জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা,২০২০ অনুসরণ করা হবে।

২২। নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগ বিধি মতে লিখিত ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। কেবল লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

২৩। নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীকে চূড়ান্ত নিয়োগ প্রদানের পূর্বে প্রার্থীর চারিত্রিক প্রতিবাদন সম্পাদন করা হবে।

২৪। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল,মিথ্যা,ভুল বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে দরখাস্ত/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথআইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৫। নিয়োগের বিষয়ে কোন প্রকার সুপারিশ বা তদবীর প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

২৬। নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে এবং বিজ্ঞপ্তিতে কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তণ/পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

২৯/১২/২০২১

(মো: আবদুল মতিন)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা নির্বাচনী কমিটি
গাইবান্ধা
ফোন : +৮৮ ০৫৪১ ৫১২২৬ (অ.)
e-mail:dcgaibandha@mopa.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৩২০০.০২১.১১.০০১.২১- ১০৩১ (১০০)

তারিখ: ১৪ পৌষ ১৪২৮
২৯ ডিসেম্বর ২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে/বহুল প্রচারের অনুরোধসহ প্রেরণ করা হলো:
(জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, ...................... (সকল)।
০৩। জেলা প্রশাসক, ......................... (সকল)।
০৪। পুলিশ সুপার, গাইবান্ধা।
০৫। সিভিল সার্জন, গাইবান্ধা।
০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা।
০৭। চেয়ারম্যান উপজেলা পরিষদ, ............................(সকল),গাইবান্ধা।
০৮। মেয়র, ...............................................পৌরসভা, গাইবান্ধা।
০৯। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, গাইবান্ধা।
১০। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) রাজস্ব/ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, গাইবান্ধা।
১১। উপজেলা নির্বাহী অফিসার, ....................... (সকল), গাইবান্ধা।
১২। সহকারী কমিশনার (ভূমি), ....................... (সকল), গাইবান্ধা।
১৩। জেলা তথ্য অফিসার, গাইবান্ধা।
১৪। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা (বিজ্ঞপ্তি ওয়েব সাইটে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
১৫। সম্পাদক/ বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক যুগান্তর, ক-২৪৪ প্রগতি সরনী, কুড়িল (বিশ্বরোড), বারিধারা,ঢাকা-১২২৯
১৬। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক মাধুকর, গাইবান্ধা

তাঁকে উল্লিখিত বিজ্ঞপ্তিটি সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত আগামী ০২ (দুই) দিনের মধ্যে তাঁর পত্রিকার ভিতরের পাতায় (৩´´ × ৫´) এক দিন প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো এবং প্রচারিত সংখ্যার ০২ (দুই) কপি অত্রাফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

২৯/১২/২০২১

জেলা প্রশাসক
গাইবান্ধা

